



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১০৫

### শেখ হাসিনার সরকার মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন করেছে - পররাষ্ট্র প্রতিমন্ত্রী

রাজশাহী; ১১ অগ্রহায়ণ (২৬ নভেম্বর)

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি বলেছেন, প্রান্তিক মানুষের সুখে-দুঃখে আমরা আছি। এখন কোনো মানুষ না খেয়ে থাকে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার বাংলাদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন করেছে।

আজ শনিবার (২৬ নভেম্বর) বেলা সাড়ে এগারোটা বাঘা উপজেলা প্রশাসনের আয়োজনে পররাষ্ট্র প্রতিমন্ত্রী আড়ানীস্থ নিজ বাসভবনে নদী ভাঙন কবলিত এলাকার অসহায় দুস্থ মানুষের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার পুনর্বাসন কার্যক্রমের আওতায় আর্থিক সহায়তার চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

চেক বিতরণ শেষে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, সরকারের সদিচ্ছা যদি না থাকে, তা হলে সহায়তা দেয়া যায় না। প্রধানমন্ত্রীর সদিচ্ছা আছে বলে আজকে ৪৮টি পরিবারকে ৫০ হাজার টাকা করে ২৪ লাখ টাকা আমরা আর্থিক সহায়তা হিসাবে পৌঁছে দিতে পারছি।

শাহরিয়ার আলম বলেন, বিশ্বে অর্থনৈতিক মন্দা চলছে, কিন্তু অর্থনৈতিকভাবে আমাদের দেশ অনেক বলিষ্ঠ অবস্থানে আছে। করোনাকালীন সময়ে কিছুটা সমস্যা হলেও এখন আর কোনো সমস্যা নেই।

সারাবিশ্বে খাদ্যে বিপর্যয় হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, আমাদের দেশে খাদ্যের সমস্যা নেই, খাদ্যে আমরা স্বয়ংসম্পূর্ণ। এবার চট্টগ্রামের মতো এলাকায় ধানের বাম্পার ফলন হয়েছে। আগে প্রতি বিঘায় যেখানে ৮ থেকে ১০ মণ ধান হতো, এখন সেখানে হয় ২০ থেকে ২২ মণ।

সরকার সকল পণ্যের ন্যায্যমূল্য নির্ধারণ করে দিয়েছে জানিয়ে তিনি বলেন, যারা পণ্য কিনতে পারে না, তাদের জন্য ভর্তুকির ব্যবস্থা করেছে সরকার। বাংলাদেশ পৃথিবীর মধ্যে একটি উজ্জ্বল নক্ষত্র, বর্তমানে দেশ যে অবস্থায় আছে, এ অবস্থায় চললে গত ১০ বছরের চেয়ে এখন বেশি উন্নয়ন হবে বলে এ সময় তিনি জানান।

বাঘা উপজেলা নির্বাহী অফিসার শারমিন আক্তার এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর ও সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, নদী ভাঙন কবলিত এলাকার দুস্থ অসহায় মানুষসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/সিকান্দার/রুহুল/২০২২/১৮.৩০ঘ.